

রাবি ছাত্রদলের ২ নেতা বহিষ্কার

রাবি প্রতিনিধি

১৯ মার্চ ২০২৩ ০৩:৪৯

পিএম | আপডেট: ১৯ মার্চ

২০২৩ ০৫:৩৮ পিএম

25

Shares



ছাত্রদলের লোগো। ফাইল ছবি

advertisement

সংগঠনের শৃঙ্খলা পরিপন্থী কাজে জড়িত থাকার সুস্পষ্ট অভিযোগের ভিত্তিতে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল, রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) শাখার দুই নেতাকে সাময়িক বহিষ্কার করা হয়েছে। বহিষ্কৃত দুই নেতা হলেন- যুগ্ম-আহায়ক মেহেদী হাসান ও আহসান হাবীব।

গতকাল শনিবার বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় সংসদের সহ-দপ্তর সম্পাদক শাহরিয়ার হক মজুমদার শিমুল স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে বিষয়টি জানানো হয়।

advertisement

বিজ্ঞপ্তিতে বলা হয়, বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় সংসদের সিদ্ধান্ত মোতাবেক, সংগঠনের শৃঙ্খলা পরিপন্থী কাজে জড়িত থাকার সুস্পষ্ট অভিযোগের ভিত্তিতে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল, রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখার যুগ্ম-আহ্বায়ক মেহেদী হাসান ও যুগ্ম-আহ্বায়ক আহসান হাবীবকে সাময়িক বহিষ্কার করা হলো।

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের সভাপতি কাজী রওনকুল ইসলাম শ্রাবণ ও সাধারণ সম্পাদক সাইফ মাহমুদ জুয়েল আজ এই সিদ্ধান্ত অনুমোদন করেন।